Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

১৬ কার্তিক ১৪৩২

# DU in Media

1 November 2025

## আলোকিত বাংলাদেশ

### ঢাবি শিক্ষার্থীর আইইইই ইডিএস ফেলোশিপ লাভ

● আলোকিত ডেস্ক


আফসানা আনজুম আঁখি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী আফসানা আনজুম আঁখি মর্যাদাপূর্ণ 'আইইইই ইলেকট্রন ডিভাইস সোসাইটি (ইডিএস) মাস্টার্স ফেলোশিপ-২০২৫' অর্জন করেছেন। শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে অসাধারণ সাফল্যের স্বীকৃতিস্বরূপ এটি অর্জন করেছেন তিনি। বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বাংলাদেশ ও দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে প্রথম নারী শিক্ষার্থী হিসেবে এ বৈশ্বিক সম্মান অর্জনের মাধ্যমে আফসানা ইতিহাস সৃষ্টি করেছেন। ইলেকট্রন ডিভাইস ক্ষেত্রের স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা ও গবেষণাকে উৎসাহিত ও স্বীকৃতি প্রদানের লক্ষ্যে প্রতি বছর আইইইই ইডিএস মাস্টার্স ফেলোশিপ দেওয়া হয়।

অসাধারণ গবেষণা দক্ষতা, গবেষণা প্রকল্পে সক্রিয় অংশগ্রহণ এবং প্রকৌশল শিক্ষায় উৎকর্ষ সাধনে অনন্য সাফল্যের জন্য বিশ্বের মেধাবী শিক্ষার্থীরা আইইইই ইডিএস ফেলোশিপ লাভ করে থাকেন। এ বছর বিশ্বব্যাপী মাত্র দুজন মাস্টার্স শিক্ষার্থী এ পুরস্কারে ভূষিত হয়েছেন। এরমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আফসানা আনজুম আঁখি অন্যতম। অন্যজন হলেন যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব টেক্সাস অ্যাট অস্টিন এর বিবেক তালাভাঝুলা। আফসানা ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের সহযোগী অধ্যাপক ড. মাইনুল হোসেনের তত্ত্বাবধানে গবেষণা কার্যক্রম পরিচালনা করেন। সূত্র: সংবাদ বিজ্ঞপ্তি

## ইনকিলাব

### ঢাবি শিক্ষার্থীর IEEE EDS মাস্টার্স ফেলোশিপ লাভ

**প্রেস বিজ্ঞপ্তি :** শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে অসাধারণ সাফল্যের স্বীকৃতিস্বরূপ ঢাকা বিশ্ববিদ্যালয় ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE) বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী আফসানা আনজুম আঁখি মর্যাদাপূর্ণ 'IEEE Electron Devices Society (EDS) Masters Fellowship 2025' অর্জন করেছেন। বাংলাদেশ ও দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে প্রথম নারী শিক্ষার্থী হিসেবে এই বৈশ্বিক সম্মান অর্জনের মাধ্যমে তিনি ইতিহাস সৃষ্টি করেছেন। Electron উবারপব ক্ষেত্রের স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা ও গবেষণাকে উৎসাহিত ও স্বীকৃতি প্রদানের লক্ষ্যে প্রতি বছর IEEE EDS Masters Fellowship প্রদান করা হয়। আফসানা আনজুম আঁখি ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মাইনুল হোসেনের তত্ত্বাবধানে গবেষণা কার্যক্রম পরিচালনা করেন।



## bdnews24.com

# ঢাবির ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ৭৫ বছর পূর্তিতে সেমিনার

*অনুষ্ঠানে 'ক্রিটিক অ্যান্ড কনস্ট্রাকশন ইন দি ডিকলোনাইজেশন অব নলেজ' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিঙ্গাপুর ন্যাশনাল ইউনিভার্সিটির সোসিওলজি বিভাগের অধ্যাপক সৈয়দ ফরিদ আলাতাস।*




ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ৭৫ বছর পূর্তি উপলক্ষে বর্ণাঢ্য অনুষ্ঠানমালা শুরু হয়েছে।

শুক্রবার সকালে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে স্মারক বক্তৃতার মধ্য দিয়ে এ অনুষ্ঠানমালা শুরু হওয়ার কথা এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়।

অনুষ্ঠানে 'ক্রিটিক অ্যান্ড কনস্ট্রাকশন ইন দি ডিকলোনাইজেশন অব নলেজ' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিঙ্গাপুর ন্যাশনাল ইউনিভার্সিটির সোসিওলজি বিভাগের অধ্যাপক সৈয়দ ফরিদ আলাতাস।

অধ্যাপক আলাতাস তার বক্তব্যে বিশ্ব জুড়ে জ্ঞানচর্চার ক্ষেত্রে ঔপনিবেশিক ধারার মূল্যায়ন করেন এবং এ ক্ষেত্রে প্রাচ্য ধারার ক্রমবর্ধমান গুরুত্ব তুলে ধরেন।

বিশ শতকের শেষ এবং একুশ শতকে দক্ষিণ ও দক্ষিণ পূর্ব এশিয়াসহ বিভিন্ন দেশে জ্ঞানের বিউপনিবেশায়নের নানা দিক তুলে ধরে তিনি ভবিষ্যতে জ্ঞানচর্চায় প্রাচ্য ধারাকে বেগবান করে তোলার ওপর জোর দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক পারভীন হাসান এবং বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন অধ্যাপক মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।

ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রাক্তন ছাত্র সমিতির যৌথ প্রচেষ্টায় আয়োজিত অনুষ্ঠানের শুরুতে শুভেচ্ছা বক্তব্য দেন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. আতাউর রহমান বিশ্বাস এবং সবশেষে ধন্যবাদ জ্ঞাপন করেন প্রাক্তন ছাত্র সমিতির সভাপতি মিসেস শবনম শেহনাজ চৌধুরী দীপা। অনুষ্ঠানটি সঞ্চালনার দায়িত্বে ছিলেন অধ্যাপক এ কে এম খাদেমুল হক।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক পারভীন হাসান বিভাগের ৭৫ বছর পূর্তি উপলক্ষে গুরুত্বপূর্ণ বিষয়ে সেমিনার আয়োজনের ভাবনাকে স্বাগত জানান।

বিশেষ অতিথির বক্তব্যে অধ্যাপক মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান বিভাগের বিপুল সংখ্যক শিক্ষার্থীর উপস্থিতিকে ইতিবাচক হিসেবে তুলে ধরেন।

তিনি বাংলাদেশে জ্ঞানচর্চার ক্ষেত্রে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ঐতিহ্যের কথা স্মরণ করিয়ে দিয়ে ভবিষ্যতেও এই ধারা অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করেন।

## The New Nation

# Students' mental health services expanded: UGC

City Desk

Professor Dr. Mohammad Anwar Hossain, Member and Chairman (Routine Duty) of the University Grants Commission (UGC), has announced effective initiatives to widen the scope of social and mental health services for university students in Bangladesh.




With support from UNESCO, UGC is implementing a project titled "Social and Mental Health Protection" aimed at delivering mental health services to 10,000 students across 22 public and private universities. In the next phase, the program plans to extend these services institutionally to benefit 1 million students nationwide, says a press release.

Speaking as the chief guest at a workshop on 'Review of Social Emotional Learning Training Material and Manuals' held on Wednesday, October 29, 2025, Prof. Hossain stressed the importance of addressing students' social and mental health needs.

The three-day workshop, jointly organized by UGC and UNESCO at the Commission's auditorium, was presided over by UGC's International Collaboration Director (Acting), Ms. Jesmin Parvin. Special guest remarks were delivered by UGC Member Professor Dr. Mohammad Ayub Islam.

দৈনিক বাংলা




ঢাবিতে অনুষ্ঠিত হলো সচেতনতামূলক মিনি ম্যারাথন ‘পিংক রান ২০২৫’। ছবি: সংগৃহীত

# স্তন ক্যান্সার সচেতনতায় ঢাবিতে ‘পিংক রান’

ঢাবি প্রতিনিধি

অক্টোবর মাস বিশ্বজুড়ে পালিত হয় ‘স্তন ক্যান্সার সচেতনতা মাস’ হিসেবে। নারীদের প্রাণঘাতী এই রোগ সম্পর্কে সচেতনতা বাড়াতে নানা আয়োজনের মধ্য দিয়ে মাসটি গুরুত্ব পায় পৃথিবীর বিভিন্ন দেশে। সেই ধারাবাহিকতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হলো সচেতনতামূলক মিনি ম্যারাথন ‘পিংক রান ২০২৫’।গতকাল শুক্রবার সকাল সাড়ে ৭টায় ক্যান্সার কেয়ার অ্যান্ড রিসার্চ ট্রাস্ট বাংলাদেশ (সিসিআরটিবি)-এর আয়োজনে এই মিনি ম্যারাথন অনুষ্ঠিত হয়।

ম্যারাথন শহীদ মিনার থেকে শুরু হয়ে জগন্নাথ হলের পাশ দিয়ে টিএসসি, শিববাড়ি মোড় হয়ে কার্জন হল ঘুরে পুনরায় শহীদ মিনারে এসে শেষ হয়। এতে বিশিষ্ট ব্যক্তিত্ব, শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার এবং বয়সের মানুষ অংশগ্রহণ করেন।

ম্যারাথন উদ্বোধনকালে সিসিআরটিবির প্রতিষ্ঠাতা ও সভাপতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং ও বায়োটেকনোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুশতাক ইবনে আয়ুব বলেন, ক্যান্সার নিয়ে আমাদের আরও সচেতন হতে হবে। বিশেষ করে নারীদের স্তন ক্যান্সার নিয়ে যথেষ্ট সচেতনতার অভাব রয়েছে। আমরা শুরু থেকেই সচেতন থাকলে স্তন ক্যান্সার প্রতিরোধ সম্ভব। তা ছাড়া, যেকোনো ক্যান্সারের জন্য ডায়েট (খাবারে সচেতন হওয়া) পর্যাপ্ত ঘুম ও শারীরিক পরিশ্রম এর গুরুত্ব অনেক বেশি।

এ সময় উপস্থিত ছিলেন, সংগঠনের ট্রাস্টি মো. আব্দুল্লাহ আল মামুন ও ট্রেজারার কামরুল ইসলাম রিপন ক্যান্সার সচেতনতায় দিকনির্দেশনামূলক সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। ম্যারাথনে কবি সুফিয়া কামাল হল ছাত্র সংসদের এজিএস শিমু আক্তার ও ঢাকা ইউনিভার্সিটি ট্যুরিস্ট সোসাইটির সাধারণ সম্পাদক শুভ্র দেব অন্যান্যরা।

দৈনিক বাংলা



আমার দেশ 01-11-2025

# যুবদলের আয়োজনে ঢাবিতে শিশু উৎসব

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) শিশু উৎসব আয়োজন করা হয়েছে। গতকাল শুক্রবার বিকালে বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের বকুলতলায় অনুষ্ঠিত এ উৎসবে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, সাংস্কৃতিক পরিবেশনা ও শিশু মনস্তত্ত্ব বিষয়ক আলোচনা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে ছিলেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের উপদেষ্টা ও শিক্ষাবিদ ড. মাহদী আমিন। সভাপতিত্ব করেন জাতীয়তাবাদী যুবদলের সভাপতি আবদুল মোনায়েম মুন্না এবং সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক মোহাম্মদ নুরুল ইসলাম নয়ন।

ড. মাহদী আমিন বলেন, 'শিশুদের মস্তিষ্ক বিকশিত করতে হলে সংস্কৃতি, খেলাধুলা ও সৃজনশীল চর্চা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান শিশুদের সাংস্কৃতিক বিকাশে যে ভূমিকা রেখেছিলেন, তা আজও অনন্য। শিশুদের বিকাশে সংস্কৃতি ও খেলাধুলার ভূমিকা অপরিসীম।'

তিনি আরো বলেন, 'জিয়াউর রহমান শিশুদের জন্য শিশু একাডেমি, শিশুপার্ক ও শিশু চলচ্চিত্র কেন্দ্র গড়ে তুলেছিলেন। প্রতি বছর তিনি শিশু সম্মেলনের আয়োজন করতেন, যেখানে তিনি পুরো দিন শিশুদের সঙ্গে সময় কাটাতেন। কিন্তু গত ১৭ বছর ধরে আমাদের শিশুদের সামনে জিয়াউর রহমানকে উপস্থাপন করা হয়নি। এ ইতিহাস জানা না থাকলে আমাদের জাতীয় ইতিহাস অপূর্ণ থেকে যাবে।'

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ডিন ড. আজহারুল ইসলাম অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, 'যুবদল যে উদ্যম নিয়ে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক কার্যক্রম আয়োজন করেছে, তা একটি ইতিবাচক নতুন জাতি গঠনের কার্যক্রম। আজকের শিশুরাই আগামী দিনের নাগরিক। তাদের সৃজনশীল চিন্তা, যুক্তি ও অনুধাবনের ক্ষমতা বিকশিত করার জন্য এমন উদ্যোগ খুবই প্রয়োজন।'

চারুকলা অনুষদের বকুলতলায় অনুষ্ঠিত এই অনুষ্ঠানে শত শত শিশু, তাদের অভিভাবক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও যুবদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। উৎসব শেষে শিশুদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। পরে সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠান সমাপ্ত হয়।